

advertisement

## শিক্ষায় এগোলেও গুণগত মান থেকে আমরা পিছিয়ে রাষ্ট্রপতি

কিশোরগঞ্জ ও ইটনা প্রতিনিধি

১৪ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৩ অক্টোবর ২০১৯ ২৩:৪৮



দৈনিক  
**আমাদের সময়**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, শিক্ষায় মোটামুটি এগিয়ে গেলেও গুণগত দিক থেকে আমরা এখনো অনেক পিছিয়ে আছি। তাই শিক্ষার মানোন্নয়নে আরও কার্যকরী ভূমিকা রাখতে হবে। গতকাল বিকালে কিশোরগঞ্জের ইটনায় আয়োজিত এক সুধী সমাবেশে এ কথা বলেন তিনি।

সমাবেশে উপস্থিতজনদের উদ্দেশ্যে রাষ্ট্রপতি বলেন, ‘উত্তরায়ী ভূত ভাইট্যা গাবরের বদনাম থেকে উত্তরণের একমাত্র উপায় হলো শিক্ষা। আমাদের সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত হিসেবে গড়ে তুলতে ছাত্র-শিক্ষক-অভিভাবকদের এগিয়ে আসতে হবে। তা হলেই কেবল বদনাম গুচবে।’ তিনি ইটনা-মিঠামইন-অষ্টগ্রামে আরও তিনটি রেসিডেন্সিয়াল মডেল কলেজ প্রতিষ্ঠার কথা উল্লেখ করেন।

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে তিনি বলেন, চাকরি করতে হলে কর্মস্থলে থেকেই চাকরি করতে হবে। অন্যথায় চাকরি ছেড়ে চলে যেতে হবে। স্থানীয় জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা নির্বাচিত হয়ে শহরে চলে যান এবং সেখানে বড়বড় বাসা নিয়ে থাকেন। অথচ আপনারা এলাকায় থেকে সাধারণ মানুষের সুখ-দুঃখ, সমস্যা-সম্ভাবনা দেখার কথা।

অনেক সময় শোনা যায়, নির্বাচনের সময় মানুষের সঙ্গে ভালো আচরণ করলেও নির্বাচনের পর তা ভুলে যান, এটি কিন্তু ঠিক নয়। নির্বাচনের পরও মানুষের সঙ্গে ভালো আচরণ করতে হবে এবং অবশ্যই এলাকায় থাকতে হবে।

তিনি আরও বলেন, গ্রামের ঝগড়াঝাটি গ্রামেই মিটিয়ে ফেলতে হবে, উপজেলায় আনা চলবে না। তা হলে ওই প্রবাদের মতো অবস্থা হবে। ‘কি করবো পাকপাজাতনে, বারআউলিয়ার টানে।’

advertisement